

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
রমনা, ঢাকা।

বিষয় : সংস্থার নিবন্ধন নবায়ন প্রসঙ্গে।

এনজিও বিষয়ক ব্যুরো বৈদেশিক অর্থায়ন গ্রহণেচছু বেসরকারী সংস্থাসমূহ (এনজিও)-কে “দি ফরেন ডোনেসস (ভলান্টারী এ্যাক্টিভিটিস) রেগুলেশন রুলস ১৯৭৮”-এর আওতায় নিবন্ধন প্রদান করে। উক্ত রুলস এর আওতায় নিবন্ধিত এনজিওসমূহ বিধানুযায়ী নিবন্ধনের তারিখ হতে প্রতি ০৫(পাঁচ) বছর অন্তর নিবন্ধন নবায়নের জন্য উক্ত সময় পূর্তির ০৬ (ছয়) মাস পূর্বে নিবন্ধন নবায়নের আবেদনপত্র দাখিলের বিধান রয়েছে। কিছু কিছু সংস্থা নিবন্ধন নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্ত্বেও অদ্যাবধি নিবন্ধন নবায়নের আবেদনপত্র ব্যুরোতে দাখিল করেনি।

যে সকল সংস্থার নিবন্ধন নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও নিবন্ধন নবায়ন করেনি সে সকল সংস্থা উক্ত রুলস এর ৩(৭) বিধানের পরিপন্থি অবৈধভাবে সংস্থার কার্যক্রম পরিচালনার দায়ে সংস্থার নিবন্ধন বাতিলযোগ্য।

যে সব সংস্থাসমূহ এখন পর্যন্ত বিধি মোতাবেক নিবন্ধন নবায়ন করেনি সে সব সংস্থার প্রধান নির্বাহীগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক অনতিবিলম্বে নিবন্ধন নবায়নের জন্য পুনরায় অনুরোধ করা হল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(প্রনব কুমার ঘোষ)
সহকারী পরিচালক
ফোনঃ ৯৫৬২৮০৫

E-mail: info@ngoab.gov.bd